পশ্চিমবঙ্গ সরকার

**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ**

যৌথ প্রশাসনিক ভবন (ষষ্ঠ-নবম তল), এইচসি-৭, সেক্টর-৩,
বিধাননগর, কলকাতা ৭০০১০৬

পত্রাঙ্ক : ৩৪২(১৯)/আইএস.জি.পি.পি./সি.বি.-৪/২০১৬ তারিখ : ২৩/০৯/২০১৬

**প্রেরক :** সৌম্য পুরকায়েত
বিশেষ সচিব, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ এবং
কর্মসূচি প্রবন্ধক, গ্রাম পঞ্চায়েতের প্রাতিষ্ঠানিক সশক্তিকরণ কর্মসূচি

**প্রাপক :** জেলা শাসক
কুচ বিহার / আলিপুরদুয়ার / জলপাইগুড়ি / দার্জিলিং / উত্তর দিনাজপুর / দক্ষিণ দিনাজপুর / মালদা / মুর্শিদাবাদ / বীরভূম / বর্ধমান / বাঁকুড়া / পুরুলিয়া / পশ্চিম মেদিনীপুর / পূর্ব মেদিনীপুর / দক্ষিণ ২৪ পরগণা / হাওড়া / হুগলী / উত্তর ২৪ পরগণা / নদীয়া

**বিষয় : গ্রাম সংসদ সভার আগে জনগণের কাছে প্রকাশযোগ্য গ্রাম পঞ্চায়েতের প্রাতিষ্ঠানিক বিষয়সমূহ**

মহাশয়া / মহাশয়,

পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন, ১৯৭৩ অনুযায়ী প্রতি বছর গ্রাম পঞ্চায়েতকে বছরে দুইবার গ্রাম সংসদের সকল সদস্যদের নিয়ে গ্রাম সংসদ সভার আয়োজন করা আবশ্যক। এর মধ্যে একটি সভা সাধারণ ভাবে নভেম্বর মাসে অনুষ্ঠিত হয়ে থাকে যেটি ষান্মাসিক গ্রাম সংসদ সভা নামে পরিচিত এবং অপর একটি সভা মে মাসে অনুষ্ঠিত হয়ে থাকে যা বাৎসরিক গ্রাম সংসদ সভা নামে পরিচিত। গ্রাম পঞ্চায়েতের কাছে এই গ্রাম সংসদ সভাগুলি হল জনগণের কাছে স্বচ্ছতা ও দায়বদ্ধতার একটি মঞ্চ। এই সভাগুলি অনুষ্ঠিত হওয়ার আগে গ্রাম পঞ্চায়েতের কাজকর্ম সম্পর্কে তথ্যাবলী গ্রামবাসীরা যাতে জানতে পারেন সেই বিষয়ে ইতিপূর্বে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ থেকে একটি আদেশনামা (নং-২৯৮/পি.এন./ও/১/৩সি-৭/০৩, তারিখ ২১.০১.২০০৯) প্রকাশ করা হয়েছিল। বর্তমানে গ্রাম পঞ্চায়েতের কাজকর্মের সাথে সাযুজ্য রেখে সেই আদেশনামাটির প্রকাশযোগ্য বিষয়গুলিকে কিছুটা সংশোধন করা হল।

বর্তমান আদেশনামা অনুসারে গ্রাম পঞ্চায়েতকে বছরে দুইবার গ্রাম সংসদ সভা অনুষ্ঠিত করার আগে নিম্নবর্ণিত তথ্যাবলী সকল গ্রামবাসীদের কাছে প্রকাশ করা একান্ত আবশ্যক। বার্ষিক গ্রাম সংসদ সভার ক্ষেত্রে সকল তথ্য পূর্ববর্তী আর্থিক বছরের এবং ষান্মাসিক গ্রাম সংসদ সভার ক্ষেত্রে সকল তথ্য সংশ্লিষ্ট আর্থিক বছরের প্রথম ছয় মাসের হতে হবে।

**প্রকাশযোগ্য বিষয়**

১) সংশ্লিষ্ট সময়সীমার মধ্যে অনুষ্ঠিত সাধারণ সভা এবং উপ-সমিতির সভাগুলির সংখ্যা এবং সভাগুলিতে উপস্থিতির হার। সাধারণ সভা বা উপ-সমিতির সভা যদি বিধিসম্মত সংখ্যার থেকে কম সংখ্যক হয়ে থাকে তাহলে তার কারণ সহ ব্যাখ্যা।

| সভা | সভার সংখ্যা | সভাগুলিতে গড়ে উপস্থিতির হার |
|---|---|---|
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |

২) সংশ্লিষ্ট সময়সীমার মধ্যে গ্রাম পঞ্চায়েত যে সকল তহবিল থেকে অর্থ পেয়েছে সেই সকল তহবিলের নাম, প্রারম্ভিক স্থিতি সহ অর্থ প্রাপ্তির পরিমাণ এবং তার সদ্ব্যবহারের পরিমাণ। সদ্ব্যবহারের ক্ষেত্রে কোনো বিঘ্ন ঘটলে তার কারণ সহ ব্যাখ্যা।

| তহবিলের নাম | প্রারম্ভিক স্থিতি | সংশ্লিষ্ট সময়সীমার মধ্যে তহবিল প্রাপ্তির পরিমাণ | সংশ্লিষ্ট সময়সীমার মধ্যে সদ্ব্যবহারের পরিমাণ |
|---|---|---|---|
| | | | |

Published By https://heowb.subho.net/

৩) সংশ্লিষ্ট সময়সীমার মধ্যে নির্ধার তালিকা অনুসারে মোট নিজস্ব তহবিল (কর ও অকর পৃথক ভাবে) প্রাপ্তি এবং তার ব্যবহার ।

| নিজস্ব তহবিল | নির্ধার তালিকা অনুযায়ী হাল ও বকেয়া করের পরিমাণ | সংশ্লিষ্ট সময়সীমার মধ্যে প্রাপ্তির পরিমাণ | সংশ্লিষ্ট সময়সীমার মধ্যে সদ্ব্যবহারের পরিমাণ |
|---|---|---|---|
| কর | | | |
| অকর ও অন্যান্য | | | |
| মোট নিজস্ব তহবিল | | | |

৪) নিজস্ব তহবিল থেকে কী কী ধরনের উন্নয়নমূলক কাজ করা হয়েছে তার তালিকা । মোট নিজস্ব সম্পদ আয়ের কত শতাংশ উন্নয়নমূলক কাজের জন্য ব্যয় করা হয়েছে ।

৫) সংশ্লিষ্ট সময়সীমার মধ্যে সম্পূর্ণ হওয়া বা চালু থাকা স্কীমগুলির তহবিলের নাম, পরিমাণ ও স্থানের (সংসদ) নাম সহ তালিকা ।

| স্কীমের নাম | স্থানের (সংসদ) নাম | তহবিলের নাম | কাজটির জন্য মোট বাজেট | কত টাকা খরচ হয়েছে |
|---|---|---|---|---|
| | | | | |

৬) পরিকাঠামোগত প্রকল্প রূপায়ণের জন্য সংশ্লিষ্ট সময়সীমার মধ্যে কোনো ব্যক্তির কাছ থেকে জমি সংগ্রহ করা হয়ে থাকলে জমি দাতার নাম ও জমির পরিমাণ এবং কী প্রকল্প রূপায়ণের জন্য জমিটি নেওয়া হয়েছে ।

৭) সাম্প্রতিক অভ্যন্তরীণ ও বাহ্যিক (ই.এল.এ.) নিরীক্ষার প্রতিবেদনের পর্যবেক্ষণ এবং সেই অনুযায়ী গৃহীত পদক্ষেপ ।

৮) সংশ্লিষ্ট সময়সীমার মধ্যে কোনো স্কীমের সামাজিক নিরীক্ষা হয়ে থাকলে সেই স্কীমগুলির নাম ও তার সামাজিক নিরীক্ষার প্রতিবেদনের সারাংশ ।

৯) গ্রাম পঞ্চায়েতের কাছে থেকে ব্যক্তিগত সুযোগ-সুবিধা পেয়েছেন এমন ব্যক্তিদের তালিকা ।

১০) পশ্চিমবঙ্গ পঞ্চায়েত (গ্রাম পঞ্চায়েত হিসাবরক্ষণ, নিরীক্ষা ও বাজেট) নিয়মাবলী, ২০০৭ অনুযায়ী ফর্ম ২৭-এ গ্রাম পঞ্চায়েতের আয়-ব্যয়ের হিসাব ।

গ্রাম পঞ্চায়েতকে উপরিউক্ত প্রকাশযোগ্য বিষয়গুলিকে গ্রাম সংসদ সভার আগে পুস্তিকা আকারে প্রকাশ করে প্রতিটি বাড়িতে বিতরণ করতে হবে । এই পুস্তিকাতে সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতের কোন গ্রাম সংসদে কবে এবং কোন স্থানে গ্রাম সংসদ সভাটি হবে তাও উল্লেখ থাকা দরকার ।

(সৌম্য পুরকায়েত)

পত্রাঙ্ক : ৩৪২(১৯)/১(৩৯)-আই.এস.জি.পি.পি/সি.বি.-৪/২০১৬ তারিখ : ২৩/০৯/২০১৬

অবগতি ও প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য প্রতিলিপি দেওয়া হল :

১) সদস্য সচিব, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ ও গবেষণা সংস্থা ।
২) অতিরিক্ত নির্বাহী আধিকারি, কুচ বিহার / আলিপুরদুয়ার / জলপাইগুড়ি / দার্জিলিং / উত্তর দিনাজপুর / দক্ষিণ দিনাজপুর / মালদা / মুর্শিদাবাদ / বীরভূম / বর্ধমান / বাঁকুড়া / পুরুলিয়া / পশ্চিম মেদিনীপুর / পূর্ব মেদিনীপুর / দক্ষিণ ২৪ পরগণা / হাওড়া / হুগলী / উত্তর ২৪ পরগণা / নদীয়া জেলা পরিষদ ।
৩) জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিক, কুচ বিহার / আলিপুরদুয়ার / জলপাইগুড়ি / দার্জিলিং / উত্তর দিনাজপুর / দক্ষিণ দিনাজপুর / মালদা / মুর্শিদাবাদ / বীরভূম / বর্ধমান / বাঁকুড়া / পুরুলিয়া / পশ্চিম মেদিনীপুর / পূর্ব মেদিনীপুর / দক্ষিণ ২৪ পরগণা / হাওড়া / হুগলী / উত্তর ২৪ পরগণা / নদীয়া । আপনার জেলার সকল সমষ্টি উন্নয়ন আধিকারিক এবং সকল গ্রাম পঞ্চায়েতের প্রধানকে এই পত্রের প্রতিলিপি দেওয়ার জন্য বিশেষ অনুরোধ জানাই ।

(সৌম্য পুরকায়েত)

Published By https://deowb.subho.net/